

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড  
(শুল্ক)  
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/৩০ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৮০-আইন/২০১৬/০৪/শুল্ক।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 9 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড উহার ১৮ পৌষ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০১ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং ০১-আইন/২০১৫/২৫২৬/শুল্ক এর তফসিলের কলাম ১ এ উল্লিখিত ক্রমিক নং ১৩২ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত আইটেম নং ১(খ) এর পরিবর্তে নিম্নরূপ আইটেম ১(খ) প্রতিস্থাপন করিল, যথা:—

“(খ) ভারত হতে ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, মাছ, সূতা, আলু (HS Code 070.90.19 ও 0701.90.29), জুস, গুঁড়াদুধ, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাটা ব্যতীত) রেডিও-টিভি পার্টস, সাইকেল পার্টস, মোটর পার্টস, ফরমিকা শীট, সিরামিক ওয়্যার, স্যানিটারী ওয়্যার, স্টেইনলেস স্টীলওয়্যার, মার্বেল স্লাব এন্ড টাইলস, মিক্সড ফেব্রিক্স ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল/পণ্য।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ শহীদুল ইসলাম

দ্বিতীয় সচিব (শুল্ক: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ২৪৭১ )

মূল্য : টাকা ৪.০০